18

দৈনিক সংবাদ

তারিখ 5 APR 1998
পৃষ্ঠা 2 কলাম 7

সংবাদ ২

# জুনিয়র বৃত্তি পরীক্ষায় আইডিয়াল স্কুল এন্ড কলেজের রেকর্ড ভঙ্গ

আইডিয়াল স্কুল এন্ড কলেজ এবারকার জুনিয়র বৃত্তি পরীক্ষায় পূর্বের সব রেকর্ড ভঙ্গ করে মতিঝিল থানার ২৪টির মধ্যে ২১টি বৃত্তিই পেয়েছে। এর মধ্যে ট্যালেন্টপুলে মেধা তালিকায় ৭টির মধ্যে ৭টি বৃত্তিই আইডয়াল স্কুল এন্ড কলেজ লাভ করেছে। এছাড়াও সবুজবাগ থানায় ট্যালেন্টপুলে ১ম ও ২য় স্থানে রয়েছে আইডিয়াল স্কুল এন্ড কলেজের বনশ্রী শাখা।

প্রতিষ্ঠানের গভর্নিং বডির চেয়ারম্যান নৌ-পরিবহন উপমন্ত্রী সাবের হোসেন চৌধুরী ও অধ্যক্ষ রওনাক জাহান বৃত্তিপ্রাপ্ত সকল ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের অভিনন্দন জানিয়েছেন।

TATISTICS

SYSTEM

SHEET —— OF —— SHEETS